এইচএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন: প্রথম পত্র

বিষয় কোড: | ২ | ৮ | ৬ |

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান—৭০

*দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।।*

১. ২০১৫ সালে সেতু গার্মেন্টসের উৎপাদিত পোশাকের বিক্রয়মূল্য ছিল ১০,০০,০০০ টাকা। উক্ত পোশাক উৎপাদনের জন্য প্রতিষ্ঠানটির কাপড় ও কাঁচামাল বাবদ ৪,০০,০০,০০০ টাকা, শ্রম বাবদ ১,০০,০০,০০০ টাকা, যন্ত্রপাতি বাবদ ২,০০,০০,০০০ টাকা এবং অন্যান্য খাতে ১,০০,০০,০০০ টাকা ব্যয় করেন। প্রতিষ্ঠানটির ২০১৩ ও ২০১৪ সালে শ্রমের উৎপাদনশীলতা ছিল যথাক্রমে ৫ ও ৭।

ক. যন্ত্রের উৎপাদনশীলতার সূত্র কী? ১

খ. মোট উৎপাদনশীলতা কীভাবে নির্ণয় করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. ২০১৫ সালে সেতু গার্মেন্টস এর মালামালের উৎপাদনশীলতা নির্ণয় কর। ৩

ঘ. ২০১৫ সালে সেতু গার্মেন্টস এর শ্রমের উৎপাদনশীলতার উপর তোমার মতামত ব্যক্ত কর। ৪

২. জনাব রোমেল রাজশাহীতে 'পদ্মা সিল্ক' নামে একটি শাড়ী তৈরির কারখানা প্রতিষ্ঠা করেন। কারখানায় উৎপাদিত শাড়ির ডিজাইন ও মান ভাল হওয়ায় অল্পদিনের মধ্যে তার প্রতিষ্ঠানের সুনাম ছড়িয়ে পড়ে। শাড়ির চাহিদা ব্যাপকভাবে বৃদ্ধি পাওয়ায় অধিক সংখ্যক মেশিন ক্রয়ের জন্য তিনি ব্যাংকের সহায়তা গ্রহণ করেন। এভাবেই পরিবর্তিত পরিস্থিতিতে সঠিক সিদ্ধান্ত নিতে পারায় জনাব রোমেল ব্যবসায় সফলতা লাভ করেন।

ক. উৎপাদন মাত্রার ধরন কত প্রকার? ১

খ. 'ভূমিতে ক্রমহ্রাসমান উৎপাদন বিধি কার্যকর' ব্যাখ্যা কর। ২

গ. ভোক্তাসাধারনের বর্ধিত চাহিদা পূরণের লক্ষ্যে জনাব রোমেল উৎপাদনের কোন উপকরণের সাহায্য নিয়েছেন তা ব্যাখ্যা কর। ৩

ঘ. ব্যাংকের সহায়তা গ্রহণের মাধ্যমে সজীব রোমেলের কারখানা সম্প্রসারণের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৩. আমাদের দেশের শ্রমিকের তুলনায় সাধারণত আমেরিকা, জাপান, জার্মান প্রভৃতি দেশের শ্রমিকের দক্ষতা বেশি। বিশ্বের সকল দেশেই দক্ষ শ্রমিক একটি

Teachingbd.com

মূল্যবান সম্পদ। শিক্ষার অভাব, প্রশিক্ষকের অভাব, যন্ত্রপাতির অভাব তারপরেও বাংলাদেশের শ্রমিক দক্ষ হয়।

ক. শ্রমের দক্ষতা কী? ১

খ. শ্রমের যোগান বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. শ্রমের দক্ষতা কোন কোন বিষয়ের ওপর নির্ভর করে তাহা সংক্ষেপে আলোচনা কর। ৩

ঘ. বাংলাদেশের শ্রমিক কর্মদক্ষ-উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪. জনাব রাকিব বাংলাদেশের বাজারে অ্যান্ড্রয়েড মোবাইল ফোন অ্যাপসের ব্যাপক চাহিদার কথা বিবেচনা করে গাজীপুরের হাইটেক পার্কে ৫০ কোটি টাকা বিনিয়োগ এবং ১০০ জন সফটওয়্যার ইঞ্জিনিয়ার নিয়োগের মাধ্যমে একটি সফটওয়্যার ফার্ম গড়ে তোলেন। প্রতিষ্ঠানটি প্রথম বছরেই কাঙ্ক্ষিত সাফল্য অর্জনে সক্ষম হয়।

ক. স্থায়ী ব্যয় কী? ১

খ. মাত্রাজনিত ব্যয় সংকোচ ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. জনাব রাকিবের প্রতিষ্ঠানটি কোন ধরনের এন্টারপ্রাইজ? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব রাকিবের ব্যবসা প্রতিষ্ঠানটি দেশের অর্থনীতির জন্য কতটুকু কল্যাণকর- বিশ্লেষণ কর। ৪

৫. সাতক্ষীরায় জনাব সুমনের তিনটি চিংড়ি ঘের আছে। তিনি দেশিয় চাহিদা পূরণের পাশাপাশি বিদেশেও চিংড়ি রপ্তানি করছেন। প্রতি বছর জনাব সুমন দেশে ও বিদেশে মাছ বিক্রয় করে প্রচুর টাকা উপার্জন করেন। এভাবে তিনি জাতীয় আয়ে অবদান রাখছেন।

ক. জাতীয় আয় পমিাপের পদ্ধতি কয়টি? ১

খ. দেশের অর্থনৈতিক অবস্থার মানদণ্ড কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে সুমনের চিংড়ি রপ্তানি থেকে আয় কিভাবে দেশের অর্থনীতিতে যুক্ত হবে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব সুমন কীভাবে জাতীয় আয় বৃদ্ধিতে অবদান রাখছেন? মতামত দাও। ৪

৬. জনাব রাহিন একজন চিকিৎসক। রোগীদের সাথে কথা বলার সময় তিনি অত্যন্ত আন্তরিকতা দেখিয়ে থাকেন। রোগীদের কথা মনোযোগ দিয়ে শুনে সে অনুযায়ী ব্যবস্থা পত্র প্রদান করেন। এ সকল কারণে দিন দিন তার রোগীর সংখ্যা বাড়ছে এবং সুনাম বৃদ্ধি হচ্ছে।

http://teachingbd.com

ক. কাস্টমাইজেশন বা ক্রেতা উপযোগীকরণ কী? ১

খ. বণ্টন প্রণালীর দিক থেকে দ্রব্য কী সেবা থেকে আলাদা? ব্যাখ্যা কর। ২

গ. জনাব রাহিন কী উৎপাদন করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'ক্রেতা তাদের প্রয়োজন অনুযায়ী পণ্য বা সেবা পেলে সন্তুষ্ট হয়' উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭. 'বেবি কেয়ার' ঢাকায় অবস্থিত বিখ্যাত শিশু পোশাক প্রস্তুতকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি দীর্ঘদিন ধরে শিশুদের জন্য বিভিন্ন রং ও মডেলের পোশাক প্রস্তুত করে আসছে। 'বেবি কেয়ার' বর্তমানে দেশের বিভিন্ন শহরে নতুন শো-রুম স্থাপনের মাধ্যমে সম্পদের মাধ্যমে সম্পদের সর্বোচ্চ ব্যবহারের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

ক. পণ্য ডিজাইনের ধরন কয়টি? ১

খ. পণ্য ডিজাইন কী নমনীয় হওয়া আবশ্যক? - ব্যাখ্যা কর। ২

গ. 'বেবি কেয়ার' পণ্য ডিজাইনে ক্ষেত্রে কোন ধরন নীতি অনুসরণ করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সম্পদের সর্বোচ্চ ব্যবহারের জন্য 'বেবি কেয়ার' এর নতুন শো-রুম স্থাপনের সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৮. জনাব রাকিব একটি সরকারি প্রতিষ্ঠানে চাকরি করেন। প্রতিষ্ঠানটির কাজ হলো কোন পণ্য বা সেবা বাজারে বিক্রয়ের পূর্বে তার মান যাচাই করা। সরকারি আইন অনুযায়ী উক্ত প্রতিষ্ঠান থেকে মান সনদ অর্জন করতে না পারে কোন ধরনের পণ্য বা সেবা বাংলাদেশে বাজারজাত করা যাবে না। জনাব রাকিব মনে করেন প্রতিষ্ঠানটির এই মান সনদ প্রদান জনসাধারণের জন্য মঙ্গলজনক।

ক. ISO কত সালে গঠিত হয়? ১

খ. আন্তর্জাতিক মান সনদ কখন প্রয়োজন? ব্যাখ্যা কর। ২

গ. 'বেবি কেয়ার' পণ্য ডিজাইনের ক্ষেত্রে কোন ধরনের নীতি অনুরসণ করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রতিষ্ঠানটির মান সনদ জনগণের জন্য কীভাবে মঙ্গলজনক তা বিশ্লেষণ কর। ৪

৯. 'রংপুর ম্যাংগো জুস ফ্যাক্টরি'-এর বার্ষিক মোট উৎপাদন ক্ষমতা ৫০ কোটি প্যাক। ২০১৫ সালে আমের ফলন ভালো না হওয়ায় ফ্যাক্টরিতে আমের সরবরাহ কমে যায়। ফলে উক্ত বছর শেষে ৪০ কোটি টাকা প্যাক জুস উৎপাদন সম্ভব হয়। উল্লেখ্য উক্ত প্রতিষ্ঠানের ২০১৪ সালের সর্বোচ্চ সদ্ব্যবহার ছিলো ৯০%।

http://teachingbd.com

ক. কার্যকর উৎপাদন ক্ষমতা নির্ণয়ের সূত্র কী? ১

খ. কার্যকর উৎপাদন ক্ষমতা কীভাবে পরিমাপ করা যায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লেখিত তথ্যের সাহায্যে 'রংপুর ম্যাংগো জুস ফ্যাক্টরি'-এর ২০১৫ সালের সর্বোচ্চ সদ্ব্যবহার নির্ণয় কর। ৩

ঘ. 'রংপুর ম্যাংগো জুস ফ্যাক্টরি'-এর ২০১৫ সালের সঞ্চিতি উৎপাদন ক্ষমতার ক্ষেত্রে তোমার মতামত দাও। ৪

১০. পদ্মা সেতু মুন্সীগঞ্জের গজারিয়া থেকে শুরু হয়ে শরীয়তপুরে শেষ হবে। সেতুটির নির্মাণ কাজ চলছে তাই জনাব সোয়েব শরিয়তপুর চিপস তৈরির কারখানার জন্য জমি ক্রয় করেন। তিনি মুন্সিগঞ্জ এবং দেশের অন্যান্য এলাকা থেকে আলু সংগ্রহ করেন এবং উক্ত আলু থেকে চিপস তৈরি করে ঢাকাসহ সারাদেশে সরবরাহ করেন।

ক. বিকেন্দ্রীকরণ কাকে বলে? ১

খ. কেন্দ্রীকরণের সুবিধা ব্যাখ্যা করো। ২

গ. জনাব সোয়েবের কারখানায় জমি ক্রয়ে কোন উপাদানটি বিবেচিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব সোয়েবের শরিয়তপুর জমি ক্রয় কতটা যৌক্তিক বলে তুমি মনে করো? ৪

১১. পোশাক শিল্প থেকে বাংলাদেশের রপ্তানী আয়ের সিংহভাগ আসে। পোশাক কারখানায় কার্যাবলি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সব ধরনের উপকরণ সঠিকভাবে সাজিয়ে নিতে হয়। 'বিজিএমইএ'-এর সভাপতি এক আলোচনা সভায় বলেন, প্রতিটি পোশাক কারখানায় লে-আউট করার পূর্বে কতকগুলো বিষয় গুরুত্বসহকারে সিদ্ধান্ত নিতে হবে। তিনি আরও বলেন, একটি সুনির্দিষ্ট ও সুবিন্যাস্ত লে-আউটের ওপর প্রতিষ্ঠানের সাফল্য অনেকাংশে নির্ভর করে।

ক. লে-আউট কী? ১

খ. প্রসেস লে-আউট চিত্রের সাহায্যে দেখাও। ২

গ. প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জনে লে-আউটের ভূমিকা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে 'বিজিএমইএ'-এর সভাপতি কারখানায় লে-আউট করার পূর্বে কোন বিষয়গুলো গুরুত্বসহকারে সিদ্ধান্ত নিতে বলেছেন? বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

সময়- ৩০ মিনিট বহুনির্বাচনি প্রশ্ন পূর্ণমান: ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে]

১. উৎপাদন কী?
ক) উপযোগ সৃষ্টি খ) সুনাম সৃষ্টি
গ) চাহিদা সৃষ্টি ঘ) যোগান সৃষ্টি

২. মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণের উপায় কী?
ক) উৎপাদন বৃদ্ধি
খ) উৎপাদন হ্রাস
গ) উৎপাদন স্বাভাবিক রাখা
ঘ) উৎপাদন নিয়ন্ত্রণ

৩. মালামালের উৎপাদনশীলতা নির্ণয়ের সূত্র কোনটি?
ক) $\frac{\text{মোট উৎপাদনের মূল্য}}{\text{মোট উপকরণের মূল্য}}$
খ) $\frac{\text{মোট উপকরণের মূল্য}}{\text{মোট উৎপাদনের মূল্য}}$
গ) $\frac{\text{মোট উৎপাদনের মূল্য}}{\text{মোট মালামালের মূল্য}}$
ঘ) $\frac{\text{মোট উৎপাদনের একক}}{\text{মোট মালামালের মূল্য}}$

৪. অর্থনীতিবিদ এডাম স্মিথ 'An inqurigy into The Nature and cause of The Weath of Nations.'- গ্রন্থটি কত সালে রচনা করেন?
ক) ১৭৭১ খ) ১৭৭২
গ) ১৭৭৬ ঘ) ১৭৭৭

৫. কোনটি উৎপাদনশীলতা প্রকাশ করে?
ক) উপকরণ ও উৎপাদনের উপাদান
খ) উৎপাদন ও কারখানার আয়তনের অনুপাত
গ) উৎপাদন ও বিক্রয়ের অনুপাত
ঘ) উপরের কোনোটি নয়

উদ্দীপকটি পড়ো এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও:
রহিম তার ফার্মের উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য বেশ কয়েক বছর ধরেই চেষ্টা করছে। পরিশেষে ব্যর্থ হয়ে সে জনাব করিমকে তার ফার্মের উৎপাদন ব্যবস্থাপক হিসেবে নিয়োগ দেয়। জনাব করিম প্রথমেই ফার্মের উৎপাদনশীলতার ওপর প্রভাব বিস্তারকারী উপাদানগুলো নির্ণয় করে কার্য প্রক্রিয়া শুরু করে।

৬. জনাব করিমের নির্মিত উৎপাদনশীলতার ওপর প্রভাব বিস্তারকারী উপাদান কোনটি?
ক) অর্থ খ) মুনাফা
গ) স্থায়ী ক্রেতা ঘ) সুসম্পর্ক

৭. রহিম তার ফার্মের উৎপাদনশীলতা বৃদ্ধি করতে চায়। কারণ এটি নিশ্চিত করবে—
i. সম্পদের সুষ্ঠ ব্যবহার
ii. প্রতিষ্ঠানের সমৃদ্ধি
iii. শ্রম ব্যবস্থাপনার সঠিক প্রয়োগ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৮. বর্তমানে কোনটিকে উৎপাদনের গুরুত্বপূর্ণ উপাদান হিসেবে গণ্য করা হয়?
ক) সংগঠন খ) শ্রম
গ) বণ্টন ঘ) মূলধন

৯. শ্রম কীভাবে মূলধন সৃষ্টি করে?
ক) জীবিকা নির্বাহ করে
খ) নতুন কর্মসংস্থানের সৃষ্টি করে
গ) জাতীয় আয় বৃদ্ধি করে
ঘ) প্রাকৃতিক সম্পদের ব্যবহার হয়ে

১০. ভূমির ক্ষেত্রে প্রযোজ্য উক্তি হলো—
i. খাজনা বা ভাড়া মূল্য অনুপস্থিত
ii. যোগান দাম অনুপস্থিত
iii. উর্বরাশক্তি হ্রাস পেতে পারে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১১. কোনটি উৎপাদন মাত্রা দ্বারা প্রভাবিত হয়?
ক) নিট মূলধন খ) ব্যবস্থাপনার দক্ষতা
গ) তারল্য ঘ) সমন্বিত ব্যয়

১২. জনাব আলিম একটি হোটেলের মালিক। আয় বৃদ্ধি পাওয়াতে তিনি মাঝারি থেকে বৃহদায়তন হোটেল স্থাপন করার কথা চিন্তা করছেন। এজন্য তাকে যে শর্তগুলো পূরণ করতে হবে, তা হলো—
i. ১৫ কোটি টাকার অধিক স্থায়ী সম্পদ
ii. ১০০ জনের অধিক কর্মচারী
iii. বাংলাদেশ শিল্পনীতি ২০১০ অনুসরণ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৩. ক্ষুদ্র প্রতিষ্ঠানকে বৃহদায়তন প্রতিষ্ঠান থেকে আলাদা করার মাপকাঠি হলো—
i. মালিকানা ii. পরিচালনা
iii. ব্যবস্থাপনা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৪. মোট জাতীয় উৎপাদনের খাত বহির্ভূত কোনটি?
ক) কৃষি খাত খ) শিল্প খাত
গ) সেবা খাত ঘ) বিনিয়োগ খাত

১৫. ২০১২-২০১৩ সালে বাংলাদেশের অর্থনৈতিক সীমক্ষা হতে প্রাপ্ত তথ্যাদি হলো- ব্যক্তিগত ভোগ ব্যয় ৭,৩০০ কোটি টাকা, মোট ব্যক্তিগত অভ্যন্তরীণ বিনিয়োগ ১৪২৮ কোটি টাকা, দ্রব্য ও সেবা সামগ্রীর সরকারি ব্যয় ২১১৬ কোটি টাকা, আমদানি ব্যয় ১৪৮০ কোটি টাকা ও রপ্তানি আয় ১৩৪৬ কোটি টাকা। ব্যয় পদ্ধতিতে GNP কত হবে?
ক) ৯,৯৭০ কোটি টাকা
খ) ১০,৯৭৮ কোটি টাকা
গ) ১১,৯৭০ কোটি টাকা
ঘ) ১২,৯৭০ কোটি টাকা

Teachingbd.com

**উদ্দীপকটি পড়ো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও:**
A দেশটি একটি উন্নয়নশীল দেশ। দেশটির মোট জনসংখ্যা ১৪ কোটি এবং মাথাপিছু আয় ৫৬,০০০/-। দেশটি ব্যয়ের দিক থেকে মোট জাতীয় আয় নির্ণয় করলেও ভর্তুকি বিবেচনা করেনি।

**১৬. A দেশটির মোট জাতীয় আয় কত?**
ⓚ ৫৬,০০০ কোটি টাকা
ⓚ ১৪ কোটি টাকা
ⓖ ২,৫০০ কোটি টাকা
ⓖ ৭,৮৪,০০০ কোটি টাকা

**১৭. A দেশটির জাতীয় আয় নির্ণয়ে ভর্তুকি বিবেচনা না করার কারণ কী?**
ⓚ ব্যয় পদ্ধতিতে জাতীয় আয়ের ভর্তুকির প্রভাব নেই বলে
ⓚ ভর্তুকি দেওয়া সমীচীন নয় বলে
ⓖ লোকসানি প্রতিষ্ঠান টিকিয়ে রাখতে ভর্তুকি দেওয়া হয় বলে
ⓖ সরকারি আইন এ সম্পর্কিত নির্দেশনা না থাকায়

**১৮. এফ. ডব্লিউ হ্যারিস উৎপাদন ব্যবস্থাপনার উন্নতির জন্য কী প্রদান করেন?**
ⓚ মিতব্যয়ী লট আকার মডেল
ⓚ গ্যান্ট চার্ট
ⓖ গতি-ছবি
ⓖ নিউমেরিক পদ্ধতি

**উদ্দীপকটি পড়ো এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:**
ঈশা একটি ফ্যাশন হাউজে গেলেন। তার একটি পোশাকের ডিজাইন পছন্দ হলে রং পছন্দ হলো না। সেখানকার বিক্রেতা তাকে বললো, অগ্রীম টাকা দিলে এবং দুদিন পরে আসলে ঈশার পছন্দ অনুযায়ি পোশাক তাকে দেয়া হবে।

**১৯. ঈশা যে ফ্যাশন হাউজে গিয়েছিল সেটি কীসের উদাহরণ?**
ⓚ মিনিমাইজেশনের ⓚ কাস্টমাইজেশনের
ⓖ ম্যাক্সিমাইজেশনের ⓖ সামারাইজেশনের

**২০. ঈশা যে ফ্যাশান হাউজে গিয়েছিল তার অন্যতম বৈশিষ্ট্য হলো**
i. ফরমায়েশ অনযায়ী পোশাক তৈরি করে
ii. চাহিদা অনুযায়ী পোশাক তৈরি করে
iii. চাহিদা অনুযায়ী পোশাক সরবরাহ করে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**২১. পণ্য ডিজাইনের সাথে জড়িত বিষয়গুলো-**
i. পণ্যের ধরন বা আকার
ii. পণ্যের গুণগত মান
iii. পণ্যের দাম
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব খান একজন গাড়ির আমদানিকারক ও বিক্রেতা। তার অভিজ্ঞতার আলোকে তিনি বাংলাদেশে অটোগাড়ি তৈরি কথা ভাবছেন। গাড়ি ডিজাইন করার জন্য BUET-এর প্রকৌশলীর সাথে পরামর্শ করেন। প্রকৌশলী তাকে কিছু নির্দিষ্টি ধাপ অনুসরণ করতে বললেন

**২২. লেন ব্যবস্থাপনা কোন বিষয়টির ওপর সর্বাধিক গুরুত্ব দেয়?**
ⓚ পণ্যের যোগান ⓚ পণ্যের উপযোগ
ⓖ ভোক্তা ⓖ বিক্রেতা

**২৩. লেন ব্যবস্থাপনার ক্ষেত্রে খরচকে কয় ভাগে ভাগ করা হয়?**
ⓚ তিনটি ⓚ চারটি
ⓖ পাঁচটি ⓖ ছয়টি

**২৪. BSTI- তার স্ট্যান্ডার্ড সঠিকভাবে বাস্তবায়ন করতে পারে না কেন?**
ⓚ কারিগরি সমস্যার কারণে
ⓚ মানুষ অশিক্ষিত হওয়ায়
ⓖ পণ্য মূল্য স্থিতিশীল না হওয়া
ⓖ রাজনৈতিক প্রভাবের কারণে

**২৫. উৎপাদন ক্ষমতার কাম্য ব্যবহারের ক্ষেত্রে কোনটি কার্যকরী ভূমিকা রাখে?**
ⓚ অধিক উৎপাদন
ⓚ কাঁচামালে সঠিক ব্যবহার
ⓖ উৎপাদন ক্ষমতা সিদ্ধান্ত
ⓖ কাঁচামালের যোগান

**২৬. উৎপাদনের পরিমাণ বৃদ্ধি পেলে একক প্রতি উৎপাদন ব্যয় কমে যাওয় বা হ্রাস পাওয়াকে কী বলে?**
ⓚ মিতব্যয়িতা
ⓚ সংকীর্ণতা
ⓖ মিতব্যয়ী উৎপাদনের মাত্রা
ⓖ অমিতব্যয়িতা

**২৭. ব্যবসায় প্রতিষ্ঠান গড়ে তোলার ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়গুলো হলো—**
i. ক্রেতা সাধারণের উপস্থিতি
ii. এলাকার বিভিন্ন উপাদান
iii. জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**২৮. নাগরিক সুবিধার কারণে শহরের ব্যবসায়ের অবস্থাকে উত্তম মনে করেন—**
i. মালিক ব্যবস্থাপকরা
ii. বিনিয়োগকারীরা
iii. কর্মীরা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও:**
পলাশ সাহেব একজন শিল্পপতি। তার প্রতিষ্ঠানে এমনভাবে বিন্যাস করা হয়েছে যাতে কার্য পরিবেশ অনুকূল হয়। ফলে তার উৎপাদন ব্যয় ৮ কোটি টাকা বৃদ্ধি পায়।

**২৯. পলাশ সাহেবের উৎপাদন ব্যয় বেশি হওয়ার কারণে—**
i. অপচয় বৃদ্ধি পায়
ii. আয় বৃদ্ধি পায়
iii. ব্যয়-বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৩০. পলাশ সাহেবের প্রতিষ্ঠানে উৎপাদন ব্যয় বৃদ্ধির মূল সমস্যা কোনটি?**
ⓚ দুর্বল বিন্যাস ⓚ মূলধন স্বল্পতা
ⓖ কর্মী স্বল্পতা ⓖ অনুকূল বিন্যাস

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | ক | ৩ | গ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | গ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | খ |
| | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | ক |

http://teachingbd.com